

PRINT

সমকাল

ঢাবি সাদা দলের বিবৃতি

সরকারিভাবে বিশ্ব শিক্ষক দিবস পালনের দাবি

১১ ঘণ্টা আগে

সরকারিভাবে বিশ্ব শিক্ষক দিবস পালন ও শিক্ষকদের পেশাগত সুযোগ-সুবিধা বাড়ানোর দাবি জানিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিএনপিপষ্টি শিক্ষকদের সংগঠন সাদা দল।

গতকাল শনিবার সাদা দলের এক বিবৃতিতে বলা হয়, বর্তমান বাংলাদেশে শিক্ষক সমাজ সবচেয়ে অবহেলিত ও উপেক্ষিত। নীতিনির্ধারণী পর্যায়ে, এমনকি শিক্ষানীতি প্রণয়ন ও বাস্তবায়নের মতো কাজেও শিক্ষকদের অংশগ্রহণ ও মতামত দেওয়ার সুযোগ দেওয়া হয় না। শুধু বেতনবৈষম্য বা আর্থিক সুযোগ-সুবিধার ক্ষেত্রে নয়, আজ শিক্ষক সমাজ নানাভাবে হয়রানিরও শিকার। বিশ্ববিদ্যালয়গুলোর স্বায়ত্ত্বাসন খর্ব করে শিক্ষকদের নানাভাবে নিয়ন্ত্রণের চেষ্টা করা হচ্ছে। এ অবস্থায় শিক্ষার উন্নয়নের মাধ্যমে একটি আলোকিত দেশ ও সমাজ বিনির্মাণের জন্য শিক্ষকের জীবনমানের উন্নয়নে তাদের পেশাগত সুযোগ-সুবিধা বৃদ্ধিসহ সরকারিভাবে বিশ্ব শিক্ষক দিবস উদযাপনের মাধ্যমে শিক্ষকদের প্রতি সম্মান জানানোর জোর দাবি জানাচ্ছি।

বিবৃতিতে স্বাক্ষরকারীদের অন্যতম হলেন- আহ্বায়ক অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক অধ্যাপক মো. লুৎফর রহমান ও অধ্যাপক ড. মো. মোর্শেদ হাসান খান, ড. সদরুল আমিন, ড. মো. সিরাজুল ইসলাম, ড. মো. আখতার হোসেন খান, ড. মো. আশরাফুল ইসলাম চৌধুরীসহ শতাধিক শিক্ষক।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি | প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫২৯৯৭ (অনলাইন) | ইমেইল:
ad.samakalonline@outlook.com

